যুগান্তর

22 OCT 2016

# জাবিতে বিজ্ঞপ্তিহীন নিয়োগে স্বজনপ্রীতি

জাবি প্রতিনিধি

একের পর এক বিজ্ঞপ্তিহীন নিয়োগের মাধ্যমে স্বেচ্ছাচারী হয়ে উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকের স্ত্রী ও প্রো-ভিসি অধ্যাপক ড. মো. আবুল হোসেনের আত্মীয়— এ চারজনকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যালয়ে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দিয়েছেন ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম। নিয়োগ পাওয়া প্রথম তিনজন হলেন বাংলা বিভাগের সভাপতি ও শহীদ রফিক-জব্বার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক এএসএম আবু দায়েনের স্ত্রী আফরোজা রেশমা, একই বিভাগের সহযোগী অধ্যাপক, সিন্ডিকেট সদস্য ও মওলানা ভাসানী হলের প্রাধ্যক্ষ নাজমুল হাসান তালুকদারের স্ত্রী নুজহাত নুয়েরী এবং নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ নাসির উদ্দিনের স্ত্রী নাজমা আকতার। অপরজন প্রো-ভিসি অধ্যাপক আবুল হোসেনের আত্মীয় রিফাত জেরিন। পূজার ছুটির আগে ও পরে দুই দফায় এ চারজনকে নিয়োগ দেয়া হয়। এর আগে গত বছরের ১৩ জুলাই ঈদের ছুটিতে কোনো বিজ্ঞপ্তি ছাড়াই প্রশাসনের বিভিন্ন পদে ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম তার নিজ ক্ষমতাবলে ছাত্রলীগের চার নেতা ও দুই কর্মকর্তা-কর্মচারীর আত্মীয়কে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দেন। ওই ঘটনার পর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ে ব্যাপক সমালোচিত হন দেশের প্রথম নারী ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম। এমনকি শিক্ষক লাঞ্ছনাকারী ছাত্রলীগ নেতা ফয়সাল হোসেন দীপুকেও তার বিশেষ ক্ষমতায় প্রশাসনিক পদে নিয়োগ দেন তিনি। পরে শিক্ষকদের দীর্ঘ আন্দোলনের মুখে ফয়সাল হোসেন দীপুর নিয়োগ বাতিল করতে বাধ্য হন। তবে বারবার শিক্ষক-কর্মকর্তাদের স্ত্রী ও আত্মীয়দের হুটহাট নিয়োগে অসন্তোষ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত কয়েক বছরে যেভাবে বিজ্ঞপ্তি ছাড়াই ভিসির ক্ষমতায় নিয়োগ দেয়া হচ্ছে তাতে আত্মীয়তাই এখানে চাকরি লাভের প্রধান যোগ্যতা হয়ে দেখা দিয়েছে।

**তিন শিক্ষকের স্ত্রী ও প্রো-ভিসির আত্মীয়ের যোগদান**

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, রোববার আফরোজা রেশমা প্রশাসনিক ভবনের শিক্ষা শাখায় প্রশাসনিক কর্মকর্তা হিসেবে এবং নুজহাত নুয়েরী বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের কলেজ শাখায় বাংলা বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। অন্যদিকে সেপ্টেম্বরের শেষের দিকে নাজমা আকতার কেন্দ্রীয় গ্রন্থাগারে প্রশাসনিক কর্মকর্তার পদে এবং রিফাত জেরিন ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্রে কর্মকর্তা পদে যোগদান করেন।

এ বিষয়ে কথা বলার জন্য প্রশাসনের একাধিক কর্তাব্যক্তির সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে কেউ সদুত্তর দিতে পারেননি। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক শুক্রবার দুপুরে যুগান্তরকে বলেন, ভবিষ্যতে নিয়োগের আগে বিজ্ঞপ্তি দেয়া হবে। তবে এবার কেন বিজ্ঞপ্তি দেয়া হল না এমন প্রশ্ন করা হলে ফোন কেটে দেন তিনি। অন্যদিকে ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম সাংবাদিকদের বলেন, 'অনেকগুলো পদ খালি হয়েছে। তাই এসব নিয়োগ দেয়া হয়েছে।' এছাড়া জামায়াত-শিবির এড়ানোর জন্য পরিচিতদের মধ্য থেকে নিয়োগ দেয়া হয়েছে বলে জানান তিনি।